



ফেব্রুয়ারির মধ্যে শেখ হাসিনার বিচার সম্পন্ন হতে পারে: চিফ প্রসিকিউটর



সংগৃহীত ছবি

সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিরুদ্ধে করা আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের ৮ থেকে ১০টি মামলার বিচার আগামী ফেব্রুয়ারির মধ্যেই চূড়ান্তভাবে নিষ্পত্তি হতে পারে বলে আশাবাদ ব্যক্ত করেছেন চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম।

শনিবার (৩০ আগস্ট) ঢাকায় 'ডেল্টা কনফারেন্স ২০২৫' শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় তাজুল ইসলাম জানান, ২০২৪ সালের জুলাই-আগস্টের গণঅভ্যুত্থানের সময় ঘটে যাওয়া মানবাধিকার লঙ্ঘনের ঘটনাগুলোর তদন্তে তারা উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছেন। তিনি বলেন, এই অপরাধের সঙ্গে জড়িত অনেক পুলিশ সদস্যের বিরুদ্ধে তদন্ত চালানো একটি বড় চ্যালেঞ্জ ছিল। এছাড়া, অনেক গুরুত্বপূর্ণ আলামতও নষ্ট করা হয়েছে। তবে, এসব বাধা সত্ত্বেও বিচার প্রক্রিয়া দ্রুত এগিয়ে চলেছে।

তাজুল ইসলাম জোর দিয়ে বলেন, এই বিচার প্রক্রিয়া আন্তর্জাতিক মান অনুযায়ী পরিচালিত হচ্ছে, যাতে এর নিরপেক্ষতা নিয়ে কোনো প্রশ্ন না ওঠে। তিনি আরও বলেন, কয়েকটি গুরুত্বপূর্ণ মামলার চূড়ান্ত রায় খুব শিগগিরই আসবে এবং এর মাধ্যমে দেশবাসী ফেব্রুয়ারির আগেই শেখ হাসিনার বিচার দেখতে পাবে বলে তিনি আশা প্রকাশ করেন।